দৈনিক খবর 41

তারিখ ... 30 DEC. 1990 ...
পৃষ্ঠা ... 8 ... কলাম ... 8 ...

# ৫০ হাজার টাকার নিষিদ্ধ নোট বই আটক

খুলনা, ২৯শে ডিসেম্বর (শিল্পাঞ্চলীয় প্রতিনিধি)।– মহানগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা আবদুর রশিদ নওয়াপাড়া বাজারের ৫/৬টি বইয়ের দোকান তল্লাশী চালিয়ে প্রায় অর্ধ লক্ষ টাকার নিষিদ্ধ নোট বই উদ্ধার করেছে।

উদ্ধারকৃত নোট বইগুলো বর্তমানে পুলিশ হেফাজতে। পুস্তকগুলো দ্বিতীয় শ্রেণী থেকে অষ্টম শ্রেণী পর্যন্ত সব বিষয়ে লিখিত। এর অধিকাংশই ভুয়া প্রকাশনীর নামে পরিচালিত। নতুন শিক্ষা-বর্ষের শিক্ষার্থীদের হাতে পৌঁছে দেয়ার জন্য এগুলো যশোর, খুলনা, ঢাকা থেকে এনে মজুদ হয়েছিল।

## যুবলীগের কর্মী সম্মেলন

গত মঙ্গলবার খুলনা মহানগর আওয়ামী যুবলীগের ৭নং ওয়ার্ড শাখার এক কর্মী সম্মেলন সন্ধ্যা ৭ ঘটিকায় বাজার কালীবাড়ী রোডে আতিয়ার রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় প্রধান অতিথি ছিলেন খুলনা মহানগর আওয়ামী লীগের সহ-সভাপতি গাজী শামসুল ইসলাম। বিশেষ অতিথি ছিলেন মহানগরী আওয়ামী লীগের শ্রম সম্পাদক শরীফ আঃ হান্নান, সমাজ কল্যাণ সম্পাদক বাবুল রানা, মনসুর আহমেদ, মোঃ সামছুল হক, প্রধান বক্তা ছিলেন মহানগর আওয়ামী যুবলীগের আহবায়ক জনাব মিজানুর রহমান মিজান। সভায় বক্তব্য রাখেন যুব নেতা এ কে গোলাম হায়দার বুলবুল, ওয়ায়েদুল্লা আল মাসুদ, সাবেক ছাত্রলীগের সাংগঠনিক সম্পাদক শেখ আহসান আলী রাজ প্রমুখ নেতৃবৃন্দ। কর্মী সম্মেলনের মধ্য দিয়ে শফিকুর রহমানকে আহবায়ক মোঃ সেলিম ও ইলিয়াস হোসেনকে যুগ্ম আহবায়ক করে ১৭ সদস্যবিশিষ্ট ৭নং ওয়ার্ড যুবলীগের আহবায়ক কমিটি গঠন করা হয়।

খুলনা খান জাহান আলী থানা আওয়ামী লীগের সম্মেলন অনুষ্ঠিত। সম্মেলনে সভাপতিত্ব করেন বেগম মনুজান সুফিয়ান। বক্তব্য রাখেন জনাব তালুকদার আবদুল খালেক, ইউনুস আলী, আওয়াল হোসেন, শেখ আনসার আলী, সম্মেলনে সভাপতি নির্বাচিত হয় লিয়াকত হোসেন, সাধারণ সম্পাদক মোশারফ হোসেন। ৫১ সদস্যবিশিষ্ট কমিটি গঠিত হয়।